**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যে উপলব্ধ চিকিৎসা পরিষেবার সুযোগগুলি গ্রহণের জন্য জনগনের প্রতি আহ্বান জানিয়েছেন।**

**(২) সাংসদ বিপ্লব কুমার দেব রাজ্যের জাতীয় সড়কের নির্মাণে কাজের গুণগত মান পর্যবেক্ষণের জন্য উচ্চ পর্যায়ের দল পাঠানোর জন্য কেন্দ্রীয় সরকারের প্রতি দাবি জানিয়েছেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ যুক্তরাজ্য এবং মালদ্বীপে চার দিনের সফরে জন্য রওনা হয়েছেন ।**

**(৪) পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত থিয়েটার কিংবদন্তি নাট্যব্যক্তিত্ব রতন থিয়াম আজ ভোরে মণিপুরে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন ।**

****************************************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যে উপলব্ধ চিকিৎসা পরিষেবার সুযোগগুলি গ্রহণের জন্য জনগনের প্রতি আহ্বান জানিয়েছেন। আজ আগরতলায় মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ৪৯তম পর্বে সমস্যা পীড়িত মানুষের সঙ্গে কথা বলার সময় তিনি এই আহ্বান জানান। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে সরকারিভাবে চিকিৎসা পরিষেবার সমস্ত সুযোগ সুবিধা রয়েছে। সুপার স্পেশালিটি পরিষেবাও চালু রয়েছে। সফলভাবে তিন জনের কিডনি প্রতিস্থাপন সম্পন্ন হয়েছে। আজ মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে তিনি রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত সাহায্য প্রত্যাশীগণের চিকিৎসা, কর্মসংস্থান সহ

নানাবিধ সমস্যার কথা শুনেন এবং সমস্যা সমাধানে প্রয়োজনীয় উদ্যোগ নেন।

****************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব রাজ্যে জাতীয় সড়কের নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণের জন্য একটি উচ্চ পর্যায়ের পর্যবেক্ষক দল পাঠাতে কেন্দ্রীয় মহাসড়ক ও সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গডকরির কাছে অনুরোধ জানিয়েছেন। সাংসদ শ্রী দেব আজ নয়াদিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী গডকরির সঙ্গে দেখা করে রাজ্যের জাতীয় সড়কগুলোর বর্তমান অবস্থা ও কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি রাজ্যের কিছু স্থানে জাতীয় সড়কের কাজের গুণগত মান নিয়ে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে অভিযোগ জানান।

***************************

**Rantan Lal Nath :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্যকে কৃষিতে আত্মনির্ভর করে তোলার জন্য রাজ্য সরকার সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করেছে। আজ উদয়পুরে নব নির্মিত ফোটামাটি প্রাথমিক গ্রামীণ বাজার শেডের দ্বারউদ্ঘাটন অনুষ্ঠানে তিনি একথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, কৃষি মার্কেট গ্রামীণ এলাকার কৃষকদের আর্থ সামাজিক উন্নতিতে সহায়ক হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সহকারী সভাধিপতি সুজন কুমার সেন, বিধায়ক রামপদ জমাতিয়া, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শিল্পী দাস। এই গ্রামীন কৃষি মার্কেটটি নির্মানে ব্যয় হয়েছে প্রায় ৯৯ লক্ষ টাকা।

****************************

**Kishor Barman Visit MBB University :**

উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন বলেন, রাজ্য সরকারের লক্ষ্য ও উদ্দেশ্য হলো মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়কে দেশের অন্যান্য বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের সমপর্যায়ে নিয়ে আসা। এরজন্য জাতীয় শিক্ষানীতি - মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় স্তরে সুচারুভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে অধ্যাপক, অধ্যাপিকা, ছাত্রছাত্রী সবাইকে একজোট হয়ে কাজ করতে হবে। আজ মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার ড. সুমন্ত চক্রবর্তী বলেন, এই বিশ্ববিদ্যালয়কে উত্তর পূর্বাঞ্চলের মধ্যে শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয় হিসাবে গড়ে তোলার জন্য প্রচেষ্টা চলছে। বক্তব্য রাখেন মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. বিভাস দেব ও উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা।

****************************

**Sudhangsu Das :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ মোহনপুর মহকুমার কাতলামারা এলাকার প্রগতিশীল মৎস্য চাষীর মৎস্য খামার পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি বলেন, মাছ উৎপাদনে রাজ্যকে স্বয়ং সম্পূর্ণ করার জন্য মৎস্য দপ্তর কার্যকরী উদ্যোগ নিয়েছে। প্রগতিশীল মৎস্য চাষীদেরও সরকারের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতা করা হচ্ছে।

**************************

**Tipra Motha Party met with ECI :**

রাজ্যে ভোটার তালিকা সংশোধনে বিশেষ নিবিড় সমীক্ষা করার জন্য তিপরা মথার পক্ষ থেকে আজ নির্বাচন কমিশনের কাছে দাবি জানানো হয়েছে। এমডিসি প্রদ্যোৎ কিশোর দেববর্মার নেতৃত্বে তিপরা মথা দলের ৯ সদস্যের এক প্রতিনিধিদল আজ নয়াদিল্লিতে মুখ্যনির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সঙ্গে দেখা করে এই দাবি জানান। প্রতিনিধি দল মুখ্য নির্বাচন কমিশনারের হাতে একটি স্মারকলিপি তুলে দেন। স্মারকলিপিতে তিপরা মথা দলের পক্ষ থেকে ত্রিপুরার ভৌগলিক অবস্থান জনসংখ্যায় আনুপাতিক

হার এবং বাংলাদেশ সীমান্ত বেষ্টিত এই রাজ্যে অনুপ্রবেশের সমস্যার কথা বিস্তারিত উল্লেখ করা হয়। প্রতিনিধি দলে অন্যান্যদের মধ্যে ছিলেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, প্রতিমন্ত্রী বৃষকেতু দেববর্মা, এডিসির মুখ্যকার্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া ও বিধায়ক রঞ্জিত দেববর্মাসহ অন্যান্য নেতৃবৃন্দ।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM Tour :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ যুক্তরাজ্য এবং মালদ্বীপে চার দিনের সফরে জন্য রওনা হয়েছেন। সফরের প্রথম পর্যায়ে, তিনি আজ রাতে লন্ডনে পৌঁছোবেন। সফরকালে, তিনি ব্রিটিশ প্রধানমন্ত্রী কেয়ার স্টারমারের সঙ্গে আলোচনা করবেন এবং রাজা তৃতীয় চার্লসের সঙ্গে দেখা করবেন। প্রস্থান বিবৃতিতে, শ্রী মোদী বলেছেন যে ভারত এবং যুক্তরাজ্যের মধ্যে বিস্তৃত কৌশলগত অংশীদারিত্ব রয়েছে যার সাম্প্রতিক বছরগুলিতে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। তিনি আরও বলেন যে উভয় দেশের মধ্যে সহযোগিতা, বাণিজ্য, বিনিয়োগ, প্রযুক্তি, উদ্ভাবন এবং প্রতিরক্ষা সহ বিভিন্ন ক্ষেত্রে

বিস্তৃত। শ্রী মোদী উল্লেখ করেন যে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর বৈঠকের সময়, উভয় পক্ষই অর্থনৈতিক অংশীদারিত্বকে আরও উন্নত করার সুযোগ পাবে, যার লক্ষ্য উভয় দেশে সমৃদ্ধি, প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টি করা।

সফরের দ্বিতীয় ধাপে, প্রধানমন্ত্রী মালদ্বীপের স্বাধীনতার ৬০তম বার্ষিকী উপলক্ষে মালদ্বীপের রাষ্ট্রপতি মোহাম্মদ মুইজ্জুর আমন্ত্রণে ২৫ থেকে ২৬ জুলাই মালদ্বীপে রাষ্ট্রীয় সফর করবেন। তিনি বলেন, একটি বিস্তৃত অর্থনৈতিক ও সামুদ্রিক নিরাপত্তা অংশীদারিত্বের যৌথ দৃষ্টিভঙ্গিকে এগিয়ে নিতে তিনি রাষ্ট্রপতি মুইজ্জু এবং অন্যান্য রাজনৈতিক নেতৃত্বের সাথে সাক্ষাতের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

***************************

**National Broadcasting Day :**

আজ জাতীয় সম্প্রচার দিবস। ১৯২৭ সালের এই দিনে, ভারতীয় সম্প্রচার সংস্থার অধীনে বোম্বে স্টেশন থেকে দেশে প্রথম রেডিও সম্প্রচার শুরু হয়। ১৯৩৬ সালের ৮ জুন, ভারতীয় রাষ্ট্রীয় সম্প্রচার পরিষেবা অল ইন্ডিয়া রেডিও নামে পরিচিত হয়। এই দিনটি ভারতের উন্নয়ন, শিক্ষামূলক প্রচার এবং সাংস্কৃতিক সংরক্ষণে সম্প্রচারের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরে।

১৯৫৬ সালে, আকাশবাণী নামটি গৃহীত হয়।আকাশবাণী তার নীতিবাক্য - বহুজন হিতায়, বহুজন সুখায় - সত্যিকার অর্থে জনসাধারণকে অবহিত করা এবং শিক্ষা ও বিনোদন প্রদানের জন্য কাজ করে আসছে।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৪তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং

আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গর্ভ বা নমো অ্যাপে এমাসের ২৫ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

****************************

**Ashwini Vaishnaw IN LS :**

কেন্দ্রীয় বৈদ্যুতিন এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণও বলেছেন, ভারতের বার্ষিক ২৫০ বিলিয়ন ডলারেরও বেশি রাজস্ব আয়ে সক্ষম একটি শক্তিশালী তথ্যপ্রযুক্তি বাস্তুব্যবস্থা রয়েছে এবং এর মাধ্যমে ষাট লক্ষেরও বেশি লোকের কর্মসংস্থান হয়। আজ লোকসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে শ্রী বৈষ্ণও বলেন, স্ট্যানফোর্ড কৃত্রিম বুদ্ধিমত্তা রেঙ্কিংয়ে ভারতকে এআই দক্ষতা, ক্ষমতা এবং কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের নীতিতে শীর্ষ দেশগুলির মধ্যে স্থান দিয়েছে। তিনি বলেন, ভারতের এআই কৌশল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রযুক্তির ব্যবহারকে গণতান্ত্রিকীকরণের দৃষ্টিভঙ্গির উপর ভিত্তি করে তৈরি এবং ভারতীয় চ্যালেঞ্জ মোকাবেলার মাধ্যমে সকল ভারতীয়ের জন্য অর্থনৈতিক সমৃদ্ধি এবং কর্মসংস্থানের সুযোগ তৈরি করাই এর লক্ষ্য। কেন্দ্রীয় বৈদ্যুতিন এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রী বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তায় ভারতকে বিশ্বের নেতৃস্থানীয় করাই ভারতের এ আই নীতির লক্ষ্য।

*****************************

**Ek Ped Maa Ke Naam :**

এক পেড় মা কে নাম কর্মসূচির অঙ্গ হিসাবে মেয়র দীপক মজুমদার আজ আগরতলা পুর নিগমের ৩৫নং ওয়ার্ডের বিভিন্ন এলাকায় বৃক্ষরোপণ করেন। উপস্থিত ছিলেন বিজেপি সদর জেলা আরবান কমিটির সভাপতি অসীম ভট্টাচার্য।

***************************

**Blood Donation :**

বি.এম.এস অনুমোদিত ও.এন.জি.সি এমপ্লয়িজ ইউনিয়ন অফ ত্রিপুরা এসেটের উদ্যোগে আজ আগরতলায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন মেয়র দীপক মজুমদার। শিবিরে ৩২ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

**************************

**Anti-tobacco campaign :**

দক্ষিণ ত্রিপুরা জেলা তামাক নিয়ন্ত্রণ সেল আজ জোলাইবাড়ি ব্লকের দেবদারু বাজার এলাকায় তামাক বিরোধী অভিযান করে। পুলিশের সহযোগিতায় এই অভিযানকালে ৭ জন দোকানদারের কাছ থেকে জরিমানা আদায় করা হয়। তামাক নিয়ন্ত্রণ কর্মসূচির জেলা নোডাল অফিসার ডাঃ অলক দাস এখবর জানান।

***************************

**Ratan Thiyam :**

পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত থিয়েটার কিংবদন্তি নাট্যব্যক্তিত্ব রতন থিয়াম আজ ভোরে মণিপুরে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।কয়েকদিন আগে শারীরিক অসুস্থতার জন্য তিনি রিমস হাসপাতালে ভর্তি হন।

রতন থিয়াম "চক্রব্যূহ", "উত্তর প্রিয়দর্শী", "হে নুংশিবি পৃথিবী", "চিংলন মাপান তম্পাক আমা"-র মতো আন্তর্জাতিকভাবে প্রশংসিত নাটক পরিচালনার জন্য পরিচিত। ১৯৮৭ সালে এডিনবার্গ আন্তর্জাতিক উৎসবে "চক্রব্যূহ" নাটকের জন্য তিনি ফ্রিঞ্জ ফার্স্ট পুরস্কারে ভূষিত হন। তিনি থিয়াম ন্যাশনাল স্কুল অফ ড্রামার চেয়ারপারসন হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি একাডেমির ফেলো হওয়ার পাশাপাশি নতুনদিল্লির সঙ্গীত নাটক একাডেমির ভাইস চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। থিয়েটারের ক্ষেত্রে তাঁর অবদানের স্বীকৃতিস্বরূপ ১৯৮৯ সালে ভারত সরকার

তাঁকে মর্যাদাপূর্ণ "পদ্মশ্রী" প্রদান করে। ১৯৮৭ সালে তিনি সঙ্গীত নাটক একাডেমি পুরস্কারেও ভূষিত হন। মণিপুর সরকারও তাঁকে আজীবন সম্মাননা পুরস্কারে ভূষিত করে। তিনি কোরাস রেপার্টরি ইম্ফলের প্রতিষ্ঠাতা ছিলেন।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ জেলা, খোয়াই, পশ্চিম জেলা, গোমতী ও ধলাই জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। আদ্রতা সর্বোচ্চ ৯৫ শতাংশ এবং সর্বনিম্ন ৫৯ শতাংশ।

*****************************